# 📖 সহীহ ইবনু হিব্বান (হাদিসবিডি)

হাদিস নাম্বারঃ ১৬৫

৫. কিতাবুল ঈমান (كِتَابُ الْإِيمَانِ)

পরিচ্ছেদঃ যুগপৎভাবে দুই শাহাদাহ স্বীকৃতি দানকারী ব্যক্তির জন্য ঈমান সাব্যস্ত করা

## ذِكْرُ إِثْبَاتِ الْإِيمَانِ لِلْمُقِرِّ بِالشَّهَادَتَيْنِ مَعًا

---

আরবী

أَخْبَرَنَا الْفَضْلُ بْنُ الْحُبَابِ حَدَّثَنَا مُحَمَّدُ بْنُ الْمُثَنَّى حدثنا بن أَبِي عَدِيٍّ عَنْ حَجَّاجٍ الصَّوَّافِ حَدَّثَنَا يَحْيَى بْنُ أَبِي كَثِيرٍ عَنْ هِلَالِ بْنِ أَبِي مَيْمُونَةَ عَنْ عَطَاءِ بْنِ يَسَارٍ عَنْ مُعَاوِيَةَ بْنِ الْحَكَمِ السُّلَمِيِّ قَالَ: كَانَتْ لِي غُنَيْمَةٌ تَرْعَاهَا جَارِيَةٌ لِي فِي قِبَلِ أُحُدٍ وَالْجَوَّانِيَّةِ فَاطَّلَعْتُ عَلَيْهَا ذَاتَ يَوْمٍ وَقَدْ ذَهَبَ الذِّئْبُ مِنْهَا بِشَاةٍ وَأَنَا مِنْ بَنِي آدَمَ آسَفُ كَمَا يَأْسَفُونَ فَصَكَكْتُهَا صَكَّةً فَعَظُمَ ذَلِكَ عَلَيَّ فَأَتَيْتُ رَسُولَ اللَّهِ صَلَّى اللَّهُ عَلَيْهِ وَسَلَّمَ فَقُلْتُ: أَفَلَا أُعْتِقُهَا؟ قَالَ: "ائْتِنِي بِهَا" فَأَتَيْتُهُ بِهَا فَقَالَ: "أَيْنَ اللَّهُ؟ " قَالَتْ: فِي السَّمَاءِ قَالَ: "مَنْ أَنَا؟ " قَالَتْ: أَنْتَ رَسُولُ اللَّهِ صَلَّى اللَّهُ عَلَيْهِ وَسَلَّمَ قَالَ: "أَعْتِقْهَا فَإِنَّهَا مؤمنة".
الراوي : مُعَاوِيَة بْن الْحَكَمِ السُّلَمِيّ | المحدث : العلامة ناصر الدين الألباني | المصدر : صحيح ابن حبان
الصفحة أو الرقم: 165 | خلاصة حكم المحدث: صحيح.

বাংলা

১৬৫. মু’আবিয়া বিন হাকাম আস সুলামী রাদ্বিয়াল্লাহু আনহু থেকে বর্ণিত, তিনি বলেন: ’আমার কিছু ছাগল ছিল, যা আমার এক দাসী উহুদ ও আল জাওওয়ানা নামক জায়গার দিকে চরাতো। একদিন আমি তার কাছে গিয়ে জানলাম যে, এক নেকড়ে আমার একটি ছাগল নিয়ে চলে গেছে। ফলে আদম সন্তান হিসেবে অন্যান্যদের মত আমারও আফসোস হলো। অতঃপর প্রচন্ডভাবে তাকে থাপ্পড় দিলাম। তারপর ব্যাপারটি আমার কাছে খুবই গুরুতর মনে হলো। ফলে আমি রাসূল সাল্লাল্লাহু আলাইহি ওয়া সাল্লাম এর কাছে এসে বললাম: ’আমি কি তাকে মুক্ত করে দিব না?’ তিনি আমাকে বললেন: ’তুমি তাকে আমার কাছে নিয়ে আসো।’ অতঃপর আমি তাকে তার কাছে নিয়ে আসলাম। তিনি তাকে বললেন: ’আল্লাহ কোথায়?’ সে জবাবে বললো: ’আসমানে।’ তিনি বললেন: ’আমি কে?’ সে জবাবে বললো: ’আপনি আল্লাহর রাসূল সাল্লাল্লাহু আলাইহি ওয়া সাল্লাম।’ তখন তিনি বললেন:

'একে মুক্ত করে দাও, নিশ্চয়ই সে একজন মু'মিনা।'[1]

## ফুটনোট

[1] সহীহ মুসলিম: ৫৩৭; আবু দাউদ: ৯৩০; নাসাঈ: ৮/৪২৭; মুসান্নাফ ইবনু আবী শায়বাহ: ১১/৯; মুসনাদ আহমাদ: ৫/৪৪৭; তাবারানী আল কাবীর: ১৯/৯৩৮; বাইহাকী, আস সুনান: ১০/৫৭; মুয়াত্তা ইমাম মালিক: ৩/৫।

হাদীসটিকে আল্লামা শুআইব আল আরনাঊত রহিমাহুল্লাহ বুখারী ও মুসলিমের শর্তে সহীহ বলেছেন। আল্লামা নাসির উদ্দিন আলবানী রহিমাহুল্লাহ হাদীসটিকে সহীহ বলেছেন। (আস সহীহাহ: ৩১৬১।)

হাদিসের মান: সহিহ (Sahih) পুনঃনিরীক্ষিত

পাবলিশারঃ হাদিসবিডি  বর্ণনাকারীঃ মু'আবিয়াহ্ ইবনু হাকাম (রাঃ)

Link — https://www.hadithbd.com/hadith/link/?id=88374

হাদিসবিডির প্রজেক্টে অনুদান দিন